

কুয়েটের ৫ শিক্ষার্থীকে বহিষ্কার, ৩২ জনকে সতর্ক

খুলনা প্রতিনিধি

২৩ সেপ্টেম্বর ২০২৫, ১০:০৮ পিএম



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সংঘর্ষ ও শিক্ষক লাঞ্ছনার ঘটনায় অভিযুক্ত শিক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাঁচ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে সাজা এবং ৩২ জনকে সতর্ক নোটিশ প্রদান করা হয়েছে।

এর আগে গত রবিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্রশৃঙ্খলা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। পরদিন সোমবার শিক্ষার্থীদের চিঠি দেওয়া হয়।

বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন, ম্যাটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের (এমএসসি) সালিম সাদমান, লেদার ইঞ্জিনিয়ারিংয়ের ২৩ ব্যাচের ওমর বিন হোসাইন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের ২১ ব্যাচের শান্ত ইসলাম, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের মো. হৃদয় ও ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ২২ ব্যাচের সাফওয়ান আহমেদ ইফাজ। এদের মধ্যে সালিম সাদমানকে এক বছর ও বাকিদের ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে।

কুয়েট শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ফারুক হোসেন বলেন, ‘শৃঙ্খলা কমিটির সভায় পাঁচ জনকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করাসহ ৩২ শিক্ষার্থীকে সতর্ক নোটিশে সিদ্ধান্ত হয়েছে। এ বিষয়ে শিক্ষক সমিতি সভা করে প্রতিক্রিয়া জানাবে।’

কুয়েট ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর ড. বিএম একরামুল হক বলেন, ‘মোট ৩৭ জন শিক্ষার্থীর বিরুদ্ধে সিদ্ধান্ত হয়েছে। তাদের মধ্যে একজনকে ১ বছর এবং চার জনকে ৬ মাসের জন্য একাডেমিক বহিষ্কার করা হয়। যা সভার দিন থেকেই কার্যকর হয়েছে। বাকি ৩২ জনকে সতর্কীকরণ নোটিশ দেওয়া হয়েছে। ছাত্রশৃঙ্খলা কমিটির সভায় কুয়েট উপাচার্য সভাপতিত্ব করেন।’

প্রসঙ্গত, গত ১৮ ফেব্রুয়ারি ছাত্র রাজনীতি বন্ধের দাবি নিয়ে দ্বন্দ্বের জেরে কুয়েটে ছাত্রদল নেতাকর্মী ও বহিরাগতদের সঙ্গে সাধারণ শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। এতে শতাধিক আহত হন। ওই রাতেই হামলাকারীদের পক্ষ নেওয়ার অভিযোগ তুলে তৎকালীন উপাচার্যসহ কয়েক শিক্ষককে লাঞ্ছিত করেন শিক্ষার্থীরা।

এ ঘটনায় কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান অধ্যাপক ড. এম এ এ হাশেমকে প্রধান করে তদন্ত কমিটি গঠন করা হয়। গত ১৪ এপ্রিল প্রতিবেদন জমা দেয় তদন্ত কমিটি। এরপর ছাত্রদের আন্দোলনের মুখে উপাচার্যকে অব্যাহতি দেয় শিক্ষা মন্ত্রণালয়। নানা ঘটনায় সাড়ে ৫ মাস বন্ধ ছিল কুয়েটের একাডেমিক কার্যক্রম। নতুন উপাচার্য নিয়োগের পর গত ২৯ জুলাই থেকে শিক্ষা কার্যক্রম শুরু হয়।